

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৭৯(আগরতলা, ১৩।০৬)
সোনামুড়া, ১৩ জুন, ২০১৮

রাজ্যের ৫৩১টি গ্রামকে ধোঁয়া বিহীন গ্রাম করার লক্ষ্যমাত্রা
নেওয়া হয়েছে : খাদ্যমন্ত্রী

প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় মোহনভোগ ব্লক এলাকার এক হাজার সুবিধাভোগীর মধ্যে আজ আনুষ্ঠানিকভাবে এল পি জি সংযোগ ও চুল্লী বিতরণ করা হয়। এই উপলক্ষ্যে মোহনভোগ ব্লক অফিস প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের মন্ত্রী মনোজ কান্তি দেব। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিধায়ক সুভাষ চন্দ্র দাস। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজ সেবী প্রতিমা ভৌমিক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহনভোগ ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান বাসল্য কুমার নোয়াতিয়া, খাদ্য ও জনসংভরণ দপ্তরের অধিকর্তা ড. দেবশীষ বসু, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলা শাসক মানিক লাল দাস প্রমুখ। অনুষ্ঠানের উদ্বোধন করে খাদ্য মন্ত্রী মনোজ কান্তি দেব বলেন, পরিবেশকে নির্মল রাখা এবং মা-বোনদের স্বাস্থ্য সুরক্ষার জন্য কেন্দ্রীয় সরকার উজ্জ্বলা যোজনায় সারা দেশে ৮ কোটি পরিবারে বিনামূল্যে রান্নার গ্যাস সংযোগ ও চুল্লী দেয়ার লক্ষ্যমাত্রা ধার্য করেছে। তার মধ্যে চার কোটি পরিবারকে ইতিমধ্যে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। আমাদের রাজ্যে ৫৩১টি গ্রামকে ধোঁয়া বিহীন গ্রাম করার লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে। আগামী কিছু দিনের মধ্যেই সিপাহীজলা জেলার ৪৮টি গ্রামকে সম্পূর্ণ ধোঁয়া মুক্ত গ্রাম হিসেবে ঘোষণা করার পরিকল্পনা নেয়া হয়েছে। ইতিমধ্যে জেলার ১৩ হাজার ১২৩টি পরিবারকে উজ্জ্বলা যোজনায় এল পি জি সংযোগ দেয়া হয়েছে। তিনি বলেন, রাজ্য সরকারের একশ দিনের কর্মসূচির মধ্যে সারা রাজ্যে ১ লক্ষ পরিবারকে উজ্জ্বলা যোজনায় আনার লক্ষ্যমাত্রা ছিল। এর মধ্যে ৮৬ হাজার পরিবারকে এই সুযোগ দেওয়া হয়েছে। জন কল্যাণে গৃহীত কেন্দ্রীয় সরকারের সমস্ত প্রকল্পের সুযোগ জনগণের কাছে পৌঁছে দিতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। বোধজং নগরে নতুন একটি এল পি জি বটলিং প্ল্যান্ট স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে বলে তিনি জানান। বিধায়ক সুভাষ চন্দ্র দাস বলেন, কেন্দ্রীয় সরকারের সব কয়টি প্রকল্পের সুবিধা আগামী এক বছরের মধ্যে সমস্ত অংশের মানুষের কাছে পৌঁছে দেয়া হবে। বিশিষ্ট সমাজসেবী প্রতিমা ভৌমিক বলেন, ২০১৯ সালের আগষ্ট মাসের মধ্যে সারা রাজ্যে উজ্জ্বলা যোজনায় চার লক্ষের বেশী পরিবারে এল পি জি সংযোগ দেয়া হবে। প্রতিটি প্রকল্প রূপায়ণে তিনি সকলের সহযোগিতা চান। এই অনুষ্ঠানে অতিথিগণ নির্বাচিত সুবিধাভোগীদের হাতে আনুষ্ঠানিকভাবে গ্যাস সংযোগ ও চুল্লী তুলে দেন। এই অনুষ্ঠানকে কেন্দ্র করে সুবিধাভোগীদের মধ্যে ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হয়।
